

## সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১০৩৪

১٥/ काकन-नाकन (اکتاب الجنائز عن رسول الله الله الله المحالية)

পরিচ্ছেদঃ মহিলা বা পুরুষের জানাযায় ইমাম কোথায় দাঁড়াবেন?

باب مَا جَاءَ أَيْنَ يَقُومُ الإِمَامُ مِنَ الرَّجُلِ وَالْمَرْأَةِ

## আরবী

حَدَّتَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُنِيرٍ، عَنْ سَعِيدِ بْنِ عَامِرٍ، عَنْ هَمَّامٍ، عَنْ أَبِي غَالِب، قَالَ صلَّيْتُ مَعَ أَنسِ بْنِ مَالِكُ عَلَى جَنَازَةِ رَجُلٍ فَقَامَ حِيَالَ رَأْسِهِ ثُمَّ جَاءُوا بِجَنَازَةِ امْرَأَةٍ مِنْ قُرَيْشٍ فَقَالُوا يَا أَبَا حَمْزَةَ صَلِّ عَلَيْهَا . فَقَامَ حِيَالَ وَسَطِ السَّرِيرِ . فَقَالَ لَهُ الْعَلاَءُ بْنُ زِيَادٍ هَكَذَا رَأَيْتَ النَّبِيَّ صلى الله عليه وسلم قَامَ عَلَى الْجَنَازَةِ مُقَامَكَ مِنْهَا وَمِنَ الرَّجُلِ مُقَامَكَ مِنْهُ وَمِنَ الرَّجُلِ مُقَامَكَ مِنْهُ وَلَا اللهِ عليه وسلم قَامَ عَلَى الْجَنَازَةِ مُقَامَكَ مِنْهَا وَمِنَ الرَّجُلِ مُقَامَكَ مِنْهُ وَلَا اللهِ عَلِيه وسلم قَامَ عَلَى الْجَنَازَةِ مُقَامَكَ مِنْهَا وَمِنَ الرَّجُلِ مُقَامَكَ مِنْهُ وَلَى اللهِ عَلِيه وسلم قَامَ عَنْ سَمُرَةَ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ أَنسٍ قَالَ نَعَمْ . فَلَمَّا فَرَوَى وَكِيعٌ هَذَا الْحَدِيثَ عَنْ شَمَّامٍ مَثْلَ هَذَا . وَرَوَى وَكِيعٌ هَذَا الْحَدِيثَ عَنْ هَمَّامٍ فَوْهِمَ فِيهِ فَقَالَ عَنْ غَالِبٍ عَنْ أَنسٍ . وَالصَّحِيحُ عَنْ أَبِي غَالِبٍ مِثْلُ رَوَى اللهِ عَلْ رَوَى كَ عَيْرُ وَاحِدٍ عَنْ أَبِي غَالِبٍ مِثْلُ رَوَى وَكِيعٌ هَذَا الْحَدِيثَ عَنْ أَلِي غَالِبٍ مَثْلُ الْمُونُ وَلَالْ رَوْلِيَةً هَمَّامٍ . وَقَدْ رَوَى الْمَالُ الْعُلْمُ الْمُولُ الْعِلْمُ إِلَى هَذَا وَهُو قَوْلُ أَحْمَدَ وَإِسْحَاقَ .

## বাংলা

১০৩৪. আবদুল্লাহ ইবনু মুনীর (রহঃ) ...... আবূ গালিব (রহঃ) থেকে বর্ণিত যে, তিনি বলেন, আমি আনাস ইবনু মালিক (রাঃ) এর সঙ্গে জনৈক পুরুষের সালাতুল জানাযা আদায় করেছি। তিনি তখন লাশের মাথা বরাবর দাঁড়িয়েছেন। এরপর লোকেরা জনৈকা কুরায়শী মহিলার জানাযা নিয়ে এল। তারা তাঁকে বলল, হে আবূ হামযা, এর সালাতুল জানাযা- ও পড়িয়ে দিন। তখন তিনি খাটিয়ার মাঝামাঝি দাঁড়ালেন। এতে আলা-ইবনু যিয়াদ তাঁকে বললেন, যেভাবে আপনি মহিলার জানাযায় দাঁড়িয়েছেন আর যেভাবে পুরুষের জানাযায় দাঁড়িয়েছেন। আপনি কি রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকেও এরূপ করতে দেখেছেন? তিনি বললেন হ্যাঁ। জানাযা সম্পদনের পর তিনি সকলকে লক্ষ্য করে বললেন, এই বিষয়েটির তোমরা সংরক্ষণ করো। - ইবনু মাজাহ ১৪৯৪, তিরমিজী হাদিস নম্বরঃ ১০৩৪ [আল মাদানী প্রকাশনী]



এই বিষয়ে সামুরা (রাঃ) থেকেও হাদিস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, আনাস (রাঃ) বর্ণিত হাদিসটি হাসান। একাধিক রাবী হাম্মাম (রহঃ) এর বরাতে এইরূপই বর্ণনা করেছেন। ওয়াকী (রহঃ) ও হাম্মাম (রহঃ) থেকে এই হাদিসটি রিওয়ায়াত করেছেন কিন্তু সনদের ক্ষেত্রে তাঁর বিভ্রান্তি হয়ে গেছে। তিনি গালিব (রহঃ) সূত্রে আনাস (রাঃ) থেকে বর্ণনা করেছেন। অথচ সাহীহ হলো আবূ গালিব আনাস (রাঃ)। আব্দুল ওয়ারিছ ইবনু সাঈদ প্রমুখও এটিকে আবূ গালিব (রহঃ) থেকে হাম্মাম (রহঃ) এর অনুরূপ রিওয়ায়াত করেছেন। এই আবূ গালিব এর নামের ব্যাপারে হাদিসবিদদের মতবিরোধ রয়েছে। কেউ কেউ বলেন, তাঁর নাম হলো নাফি। কেউ কেউ বলেন, রাফি। কোন কোন আলিম এই হাদিস অনুসারে আমল করেছেন। এ হলো ইমাম আহমাদ ও ইসহাক (রহঃ) এর অভিমত।

## **English**

Abu Ghalib narrated:

"I prayed for the funeral of a man with Anas bin Malik, so he stood parallel to his head. Then they came with the body of a woman from the Quraish. They said: 'O Abu Hamzah perform the prayer for her.' So he stood parallel to her waist. Al-Ala bin Ziyad said to him: 'Is this how you saw the Messenger of Allah standing in the place for the funeral as you did for her, and for a place that you stood for the man?' He said: 'Yes.' When he was finished he said: 'Remember (this).'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবু গালিব 'ইজলান (রহঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন